ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৫৯
আগরতলা, ২০ আগস্ট, ২০২৪

**ন্যাশনাল জেনেরিক ডকুমেন্ট রেজিস্ট্রেশন সিস্টেম**
**আগরতলায় কর্মশালা**

রাজস্ব দপ্তরের উদ্যোগে আজ হোটেল পোলো টাওয়ারে অনলাইন নথি নিবন্ধনের ব্যবস্থা ন্যাশনাল জেনেরিক ডকুমেন্ট রেজিস্ট্রেশন সিস্টেমের (এনজিডিআরএস) উপর এক কর্মশালা অনুষ্ঠিত হয়। মুখ্যসচিব জে কে সিনহা এই কর্মশালার উদ্বোধন করেন। কর্মশালার উদ্বোধন করে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, অনলাইন নথির নিবন্ধনের ক্ষেত্রে ন্যাশনাল জেনেরিক ডকুমেন্ট রেজিস্ট্রেশন সিস্টেম একটি গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনা। রেজিস্ট্রি অফিসে জমি নথিভুক্তকরণ প্রক্রিয়াকে আরও সহজতর ও আধুনিক করে তোলাই এই ব্যবস্থার মূল লক্ষ্য। তিনি বলেন, জমি সংক্রান্ত বিভিন্ন সমস্যা বেশ জটিল হয়ে থাকে। জনসাধারণকে সহজে এবং সুরক্ষার সাথে সম্পত্তি হস্তান্তর ও বিক্রয় সম্পর্কিত নথি নিবন্ধন করতে এই প্রক্রিয়াটি সহায়তা করবে।

কর্মশালায় বক্তব্য রাখতে গিয়ে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে বলেন, ন্যাশনাল জেনেরিক ডকুমেন্ট রেজিস্ট্রেশন সিস্টেমের মাধ্যমে জনগণ স্বচ্ছতার সাথে দ্রুত পরিষেবা পাবেন। এই পদ্ধতিতে সম্পত্তি হস্তান্তর করার ক্ষেত্রেও স্বচ্ছতা বজায় থাকবে। রাজ্য সরকার এই পদ্ধতিটিকে ব্যাপকভাবে কার্যকরি করে তোলার লক্ষ্যে সাব-রেজিস্ট্রি অফিসগুলোকেও আধুনিকীকরণ করার উদ্যোগ গ্রহণ করেছে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে রাজস্ব দপ্তরে অতিরিক্ত সচিব তমাল মজুমদার এবং ল্যান্ড রেকর্ডস ও স্যাটেলমেন্টের অধিকর্তা সুভাষ সাহা উপস্থিত ছিলেন। কর্মশালায় রাজ্যের ৮ জেলার জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক সহ রাজস্ব দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিগণ অংশ নেন।

*****